

15 মে, 2017

প্রিয় শিক্ষার্থী এবং পরিবারবর্গ,

আমরা 30 জানুয়ারি, 2017 এবং 21 মার্চ, 2017 তারিখে যে চিঠি দিয়েছি তার হালনাগাদকরণ উপলক্ষে এই চিঠিটি লিখে আবারও আপনাদেরকে নিশ্চিত করছি যে, সকল শিক্ষার্থী তার অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, এনওয়াইসি পাবলিক স্কুলে সাদর আমন্ত্রিত। শিক্ষার্থী, কর্মীসদস্য এবং পরিবারবর্গের রক্ষায় আমাদের ক্ষমতায় যা আছে তার সর্বোচ্চ চেষ্টাই আমরা করবো।

আমরা 11 মে, 2017 তারিখে যে ঘটনাটি ঘটেছে তা আপনাকে অবহিত করতে চাই। দুজন ব্যক্তি যারা নিজেদেরকে ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসের ফেডারেল এজেন্ট হিসেবে পরিচয় প্রদান করে কুইন্সে পিএস 58-এ আসে এবং একজন 4th-গ্রেডের শিক্ষার্থী সম্পর্কে জানতে চায়। কিন্তু তাদেরকে কোন শিক্ষার্থীর তথ্য দেয়া হয়নি। আমরা নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলে পড়ছে এমন প্রত্যেক শিক্ষার্থীর অধিকার রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। ডিওই এই উদ্বেগজনক ঘটনার অনুসন্ধান করতে মেয়রের অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স এবং এনওয়াইপিডি-র সাথে কাজ করছে।

ডিওই-র প্রোটোকলে যেভাবে বর্ণিত আছে, ফেডারেল এজেন্টদেরকে, এর অন্তর্ভুক্ত ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসিই), কোন স্কুলে প্রবেশের অনুমতি প্রদান করা হবে না, এর ব্যতিক্রম শুধুমাত্র আইনের শর্তযুক্ত ঘটনা। এছাড়া, ডিওই শিক্ষার্থী অথবা তাদের পরিবার সদস্যদের অভিবাসনগত অবস্থার কোন খোঁজ রাখে না, এবং আইনের শর্ত না থাকলে কোন শিক্ষার্থী তথ্য প্রকাশ করবে না।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, অথবা কোন রিসোর্স চান, আমরা *আপনার অধিকার জানুন* বিষয়ে শিক্ষার্থী, পিতামাতা, এবং কম্যুনিটি সদস্যদের জন্য কর্মশালার আয়োজন করেছি যা সিটিব্যাপী অব্যাহতভাবে অনুষ্ঠিত হবে। এইসব কর্মশালা অভিবাসী নিউ ইয়র্কারদের অধিকার সম্পর্কিত তথ্য, লভ্য সিটি পরিষেবা, সুরক্ষা পরিকল্পনা, এবং জালিয়াতি প্রতিরোধ বিষয়ক তথ্য প্রদান করে। এই কর্মশালাগুলি অংশগ্রহণকারীদেরকে অ্যাকশনএনওয়াইসি-র মাধ্যমে আইনি পরিষেবার সাথে সংযোগ ঘটিয়ে দেয় এবং আগামী সপ্তাহগুলোতে আমরা এইসব কর্মশালার সংখ্যা বৃদ্ধি করবো।

আমরা মনে করিয়ে দিতে চাই যে, অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কারের সিটি পরিষেবা লাভ অব্যাহত থাকবে। ডিওই-র ইমিগ্রেশন প্রোটোকল সম্পর্কিত আরও তথ্য, এবং আপনাকে ও আপনার পরিবারের সহায়তায় কোন রিসোর্স লাভে আপনার যদি কোন প্রশ্ন থাকে, 311 নম্বরে ফোন অথবা <http://schools.nyc.gov/supportingallstudents> সাইট দেখুন।

পাবলিক স্কুলগুলি আমাদের গণতন্ত্রের কেন্দ্র এবং আমরা আমাদের শিক্ষার্থী ও পরিবারের সুরক্ষায় একযোগে কাজ করা অব্যাহত রাখবো এবং সকল নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থীদেরকে উচ্চ-মানসম্পন্ন শিক্ষাদানে আমাদের লক্ষ্য পূরণ করবো। বৈচিত্রপূর্ণ এবং অন্তর্ভুক্তিমূলক বিষয়ে মর্যাদাশীল আলোচনা বৃদ্ধি করে এমন কর্মী ও শিক্ষার্থী আলোচনা কীভাবে সহজতর করা যায় সেবিষয়ে স্কুলগুলি গাইডেন্স পাচ্ছে।

আমরা অভিবাসীদের সিটি, এবং শিক্ষার্থী ও নিউ ইয়র্কবাসীদের অধিকার রক্ষায় আমরা একে অপরের পাশে শক্তিশালীভাবে দাঁড়াই।

বিশ্বস্ত,



কারমেন ফারিনিয়া
চ্যানসেলর
এনওয়াইসি ডিপার্টমেন্ট অভ এডুকেশন



নিশা আগরওয়াল
কমিশনার
মেয়রস অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স